

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

বিষয়: বশিবো/কলেজ/ অনু: ২০২১/৩১

তারিখ: ২১.০১.২০২১

বিষয়: একাদশ শ্রেণির শাখা ও বিষয় পরিবর্তনের সম্পূরক বিজ্ঞপ্তি-

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সম্মানিত অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৪.০১.২০২১ তারিখে স্মারক-বশিবো/কলেজ/ অনু: ২০২১/২৯ এর বিষয় /শাখা পরিবর্তনের বিজ্ঞপ্তিতে ধারা ০৩ এ উল্লেখ আছে যে, " কলেজের অধ্যক্ষ মহোদয়কে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, শিক্ষার্থীর আবেদিত শাখায় আসন খালী আছে "।

উল্লিখিত স্মারকের প্রেক্ষিতে, চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় এবং প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে যে, যে সকল কলেজে শিক্ষার্থীরা শাখা পরিবর্তনের আবেদন করবে এবং ঐ সকল কলেজে কাঙ্ক্ষিত শাখায় যদি আসন খালি না থাকে, তাহলে কলেজ কর্তৃপক্ষকে বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর আবেদিত শিক্ষার্থীদের অনুকূলে অর্থাৎ যে কটি আবেদন করা হয়েছে, সে কটি আসন বাড়ানোর আবেদন করতে হবে এবং আবেদনের সময় অবশ্যই উল্লেখ করতে হবে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তির সময় ঐ শাখায় আসন বাড়ানো হয়েছিল কিনা এবং আসন বাড়ানোর উপযুক্ত প্রমাণ সহ উল্লেখ্য আবেদন করতে হবে। সকল আবেদন পূর্বোক্ত স্মারকে উল্লিখিত তারিখের মধ্যে (২৮.০১.২০২১) জমা দিতে হবে।



২১-০১-২০২১

ড. মো: লিয়াকত হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল।